



Exam Approach-এ

ক্যামব্রিজ

IELTS 11

(Academic) Passage-এর

ব্যতিক্রমী ব্যাখ্যাসহ যুগান্তকারী সমাধান



Saifur Rahman Khan

{ বাংলায় অর্থ বুঝিয়ে বুঝিয়ে **English** শেখানোর পদ্ধতির
উদ্ভাবক, লেখক ও শিক্ষক }

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
Top Scorer (740 > 99%) in GMAT

Edition ➤ 2025
Published By ➤ S@ifur's Publication
Copyright © ➤ Saifur Rahman Khan

[এই বই অথবা বইয়ের কোন অংশ pdf করে বিক্রি করা বা free সরবরাহ করা আইনত দণ্ডনীয়]

Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রোড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16; 01713 43 20 50

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

**S@ifur's-এর বই পেতে :**
01713 43 20 15; 01713 43 20 50
01613 43 20 16; 01713 43 20 16
(10 am 5 pm)

**English ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

Price: Tk. 200 Fixed; US \$ 2 only

Contents

Test-1

Passage # 01 : Crop-growing skyscrapers	04
Passage # 02 : The FALKIRK WHEEL	14
Passage # 03 : Reducing the Effects of Climate Change	23

Test-2

Passage # 01 : Raising The Mary Rose	38
Passage # 02 : What destroyed the civilisation of Easter Island?	47
Passage # 03 : Neuroaesthetics	57

Test-3

Passage # 01 : The Story of Silk	74
Passage # 02 : Great Migrations	83
Passage # 03 : Preface to 'How the other half thinks: Adventures in mathematical reasoning	94

Test-4

Passage # 01 : Research using twins	108
Passage # 02 : An Introduction to Film Sound	117
Passage # 03 : 'This Marvellous Invention'	128

এই বই পড়ার নিয়ম

তার মানে,

এই বই থেকে আপনি সবচেয়ে বেশি **benefited** হবেন,

যদি আপনি নিচের ৩-টি কাজ করেন:

১। actual পরীক্ষার মতো ঘড়িতে সময় ধরে **Cambridge-11** (Academic) Test-এর Reading Module-টি solve করে Answer-গুলো লিখুন।

২। এর পরে **Cambridge-11**-এর শেষে দেয়া answer-গুলো মিলিয়ে নিজেকে marking করুন। এই mark-এর জন্য আপনার কোনো বন্ধুর দরকার নাই, teacher-এরও দরকার নাই, আপনি নিজেই যথেষ্ট,

কারণ আপনার সাথে আছে দুই কাধের দুই ফেরেস্টা !

তার মানে, আপনি যতই খারাপ করুন কেন,

আপনারটা শুধু আপনিই জানলেন, আর ফেরেস্টারা জানলো !

৩। এবার আপনার আমলনামা কিভাবে আরো ভালো হবে, তা জানতে পরের পৃষ্ঠা থেকে জেনন Method-এ লেখা ব্যাখ্যাগুলো পড়া শুরু করুন। এভাবে প্রতিটি Test-এ একই কাজ করুন। প্রথমে নিজে solve না করে আগেই উত্তর দেখে ফেললে যেমন বেশি লাভ হয় না, তেমনি এই ব্যাখ্যাটা আগেই পড়ে ফেললে আপনার ভুলগুলো আপনি ধরতে পারবেন না। ফলে ঐ ধরনের ভুলগুলো আপনি আসল পরীক্ষাতে আবার করবেন। তাই আগে Test-টা টেস্টের মতো করে দিন, তারপর Marking করুন, পরে ব্যাখ্যা পড়ুন। আল্লাহ হাফেজ

Saifur Rahman Khan

Test-1

Reading Passage # 01

এই ব্যাখ্যা পড়ার সময়
কেম্ব্রিজ IELTS 11 বইটা
নিয়ে বসতে হবে

Exam-approach-এ
পুরো ব্যাখ্যাটা
লেখা হয়েছে !

প্যাসেজের নাম পড়লাম:

Crop-growing skyscrapers

1st Step

হেডিং (Crop-growing skyscrapers = শস্য-উৎপাদনকারী আকাশচুম্বী দালানগুলো) পড়েই বুঝলাম,
বড় বড় বিল্ডিং-এ শস্য উৎপাদনের কোনো নতুন ব্যাপার নিয়ে passage-এ আলোচনা হবে।

2nd Step

passage না পড়ে page উল্টিয়ে চলে গেলাম প্রশ্নে।
প্রশ্নের হেডিংয়ে পেলাম বড় অক্ষরে লেখা *Indoor farming* এবং নিচে শূন্যস্থান।
পড়ে দেখলাম যে **NO MORE THAN TWO WORDS** দিয়ে
Question 1 to 7 বাক্যগুলো Complete করতে হবে।

3rd Step

passage-এ ফেরত যেয়ে *Indoor farming* শব্দ দুটো
প্রথম para-র প্রথম তিন-চার লাইনে খুঁজলাম। পেলাম না। একাজটি করলাম ২ সেকেন্ডে।
তৃতীয় second-য়েই পরের para-তে গেলাম।
শুরুতেই পেলাম:

The concept of indoor farming is not new ...

4th Step

প্রশ্নে ফেরত যেয়ে প্রথম দুটো প্রশ্ন মন দিয়ে পড়লাম:

1. Some food plants, including _____, are already grown indoors.
2. Vertical farms would be located in _____, meaning that there would be less need to take them long distances to customers.

5th Step

passage-এ *indoor farming*-এর para-তে ফেরত চলে গেলাম।

প্রথম বাক্যটা মন দিয়ে পড়লাম :

The concept of indoor farming is not new, since hothouse production of tomatoes and other produce has been in vogue for some time.

তার মানে, *indoor farming*-এর ধারণাটা বা ব্যাপারটা নতুন নয়।

আর, এটা যে নতুন না, এই দাবী বা সিদ্ধান্তটার পক্ষে একটা তথ্য দেয়া হলো যে, কিছু সময় ধরে টমেটো এবং অন্যান্য produce (= উৎপাদিত শস্য)-এর *hothouse production* হতো।

তার মানে, 1-এর উত্তর **tomatoes**।

6th Step

Question # 2 আবার মন দিয়ে পড়া যাক:

Vertical farms would be located in _____, meaning that there would be less need to take them long distances to customers.

passage-এ ফেরত যেয়ে *indoor farming*-এর para-তে শুরু থেকে দ্রুত চোখ বুলিয়ে *vertical farming* শব্দটা খোঁজা শুরু করলাম। ১০ / ১১ লাইনে পেলাম:

One such proposal is for the 'Vertical Farm'.

এই লাইনে One such proposal (= এমন একটা প্রস্তাব) বলাতে আগের দুটো লাইনটাও মন দিয়ে পড়লাম:

৭ম কাজ

What is new is the urgent need to scale up this technology to accommodate another three billion people. Many believe an entirely new approach to indoor farming is required, employing cutting-edge technologies.

cutting-edge অর্থ হলো অত্যাধুনিক তথা একেবারে latest।
তার মানে, খাদ্য উৎপাদন বাড়ানোর একটা পদ্ধতি হলো *Vertical Farm*।

8th Step

প্রশ্নে আবার ফেরত যেয়ে # 2-টা আবার পড়লাম:

located in _____, meaning that there would be less need to take them long-distance.

প্যাসেজে ফেরত যেয়ে 2nd-এর para-র যতটুকু পড়া হয়েছিলো,
সেই জায়গার (proposal is for the Vertical Farm) পর থেকে
পড়তে পড়তে চার লাইন পরেই পাওয়া গেলো:

Situated in the heart of urban centres, they would drastically reduce the amount of transportation required to bring food to consumers.

তার মানে, 2-এর উত্তর হবে urban centers.

উপরের বাক্যটা আরেকটু analysis তথা কাটা-ছেড়া করা যাক sentence-টা তৃপ্তিসহ বোঝার জন্যে:

Situated in the heart of urban centers = শহরে কেন্দ্রের heart-এ অবস্থিত
they would drastically reduce the amount of transportation ...

উপরের বাক্যে **they** অর্থ 'তারা' বললে ১০০% ভুল হবে,
কারণ they বলতে বুঝাচ্ছে আগের বাক্যের multi-storey buildings-কে।

তাই, এখানে, *they* অর্থ 'সেগুলো'।

তাহলে *situated ... to consumers* অর্থ হলো শহরের সেন্টারের heart-এ অবস্থিত, সেগুলো ভোক্তার কাছে *food* আনতে নাটকীয়ভাবে *reduce* করবে দূরত্বের পরিমাণ।

এবার Question # 2-এর একটা ভুল বুঝিয়ে দিচ্ছি।

ভুলটা করেছে IELTS-এর Question-maker-গণ।

Question # 2-তে আছে:

... less need to take them long distances to customers।

উপরের বাক্যে '*them*' বলতে কাকে বুঝাচ্ছে চিন্তা করো তো! বক্তব্যটা পড়ে বুঝা যাচ্ছে *them* বলতে বুঝাচ্ছে '*food*'-কে। কিন্তু Question # 2-এর বাক্যে *food* শব্দটা নেই;

কিংবা, অন্য এমন কোনো শব্দ নেই যেটাকে নিতে হবে *long distances to customers*।

এই বাক্যে, *them*-এর বদলে *food* শব্দটা হতে হবে।

Step # 9

Question # 3 এবং # 4 পড়া যাক:

3. Vertical farms could use methane from plants and animals to produce ____.
4. The consumption of _____ would be cut because agricultural vehicles would be unnecessary.

এখন তাহলে passage-এ ফেরত যেয়ে খুঁজতে হবে

(3)-এর *methane* এবং (1)-এর *agricultural vehicles* হবে *unnecessary*।

Step # 10

2nd para-র যতটুকু পড়া হয়েছিলো, সেই জায়গার পর থেকে দ্রুত পড়া শুরু করলাম:

Vertical farms would need to be efficient

Step # 11

পড়তে পড়তে 3rd প্যারাতে পাওয়া গেলো: ... 10,000 years to learn how to grow ... (তার মানে, মানবজাতির শস্য উৎপাদনের ইতিহাস এই প্যারাতে আলোচনা করবে।)

মন দিয়ে পরের লাইনটাও পড়া যাক: ... Along the way, we despoiled ...

Step # 12

পড়তে পড়তে চতুর্থ para-র শুরুতে পাওয়া গেলো:

The supporters of vertical farming claim many potential advantages for the system. (তার মানে, এই para-তে *vertical farm*-এর *advantage* নিয়ে আলোচনা হবে। পরের line-গুলো মন দিয়ে পড়তে পড়তে para-র শেষ ৭/৮ লাইনে পাওয়া গেলো):

..... it would return energy to the grid via methane generation from composting non-edible (অ-ভক্ষণযোগ্য) parts of plants.

উপরের লাইনটা মন দিয়ে পড়ে বুঝা যাচ্ছে,

Question # 3-এর উত্তর হলো **energy**.

3 Vertical farms could use methane from plants and animals to produce _____ .